

ছাত্রলীগের কমিটি বিলুপ্তিকে কেন্দ্র করে উদ্ভূত অস্থির পরিস্থিতিতে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের (কুবি) শাখা হল সিলগালা করে দেওয়া হয়েছে। এ ছাড়া আগামী ১৭ অক্টোবর পর্যন্ত সব পরীক্ষা স্থগিত ঘোষণা করা হয়েছে। গতকাল রবিবার বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) মো. আমিরুল হক চৌধুরী স্বাক্ষরিত এক জরুরি বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়েছে।

advertisement 3

বিজ্ঞপ্তিতে বলা হয়, পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের হলসমূহ বন্ধ থাকবে। হলে অবস্থানকারী ছাত্রদের ২ অক্টোবর সন্ধ্যা ৬টার মধ্যে আর ছাত্রীদের

advertisement 4

৩ অক্টোবর সকাল ৯টার মধ্যে হল ত্যাগ করার নির্দেশ দেওয়া হয়। বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, আগামী ১০ অক্টোবর থেকে ১৭ অক্টোবর পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের সব পরীক্ষা স্থগিত থাকবে এবং বিশ্ববিদ্যালয়ের নিজস্ব পরিবহন এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীর নিজস্ব পরিবহন ব্যতীত সব ধরনের পরিবহন ক্যাম্পাসে প্রবেশ বন্ধ থাকবে।

উল্লেখ্য, গত ৩০ সেপ্টেম্বর কুমিল্লা বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের কমিটি বিলুপ্তি ঘোষণার পর গত শনিবার দুপুরে আচমকা মোটরসাইকেল শোডাউন ও বাজি ফাটানোর ঘটনা ঘটে। এরপরই সদ্য সাবেক ছাত্রলীগ নেতারা কর্মীদের নিয়ে হল থেকে দেশি অস্ত্রশস্ত্রসহ বের হয়ে আসে। ফলে ক্যাম্পাসজুড়ে অস্থিতিশীল পরিস্থিতির সৃষ্টি হয়।

1

Shares